



মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান)

৫৮ আশ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।

ফোন : ০৩১-৭১১৮৯১-৭, ওয়েবসাইট : www.mpl.gov.bd



অদাবিকৃত লভ্যাংশ সম্পর্কিত বিজ্ঞপ্তি

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নির্দেশনা নম্বর বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ তারিখ ১৪ জানুয়ারি, ২০২১ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর ক্যাপিটাল মার্কেট স্ট্যাবিলাইজেশন ফান্ড বিধি-২০২১ অনুযায়ী মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর অদাবিকৃত/অপরিশোধিত লভ্যাংশের তালিকা ইতিমধ্যে কোম্পানির ওয়েবসাইট www.mpl.gov.bd -এ প্রকাশ করা হয়েছে। কোম্পানির ওয়েবসাইট ভিজিটপূর্বক তালিকায় উল্লেখিত শেয়ারহোল্ডারগণকে সঠিক তথ্য সম্বলিত হালনাগাদকৃত বিও সেটআপের কপিসহ অদাবিকৃত/অপরিশোধিত লভ্যাংশের বিষয়ে আগামী ২৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে কোম্পানির প্রধান কার্যালয়স্থ শেয়ার শাখায় যোগাযোগের অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নির্দেশনার সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী ৩ (তিন) বছরের অধিক সময়ের অদাবিকৃত/অপরিশোধিত লভ্যাংশ Capital Market Stabilization Fund (CMSF) -এ স্থানান্তরের জন্য অত্র কোম্পানি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

এতদসংশ্লিষ্ট যে কোন প্রয়োজনে সম্মানিত শেয়ারহোল্ডারগণ ০৩১-৭১১৮৯১-৭, Ext-৩২৬ নম্বরে যোগাযোগ অথবা হালনাগাদকৃত বিও সেটআপের কপি এবং মোবাইল নম্বর উল্লেখ পূর্বক rezaujjal@gmail.com ঠিকানায় ই-মেইল করার অনুরোধ করা যাচ্ছে।

তারিখ : ৩০ আগস্ট, ২০২১

স্বাঃ
(রেজা মোঃ রিয়াজউদ্দিন)
কোম্পানি সচিব